



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

## জীবন বীমা কর্পোরেশন

প্রশাসন ডিভিশন

প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ই-মেইল: gmadmin@jbc.gov.bd , ওয়েব সাইট: www.jbc.gov.bd

স্মারক নং ৫৩.১৯.০০০০.৩০২.১১.০০০.২৫-২৫৪৬

তারিখ: ০৬ পৌষ, ১৪৩২  
২১ ডিসেম্বর, ২০২৫

### অফিস আদেশ

পরিচালনা বোর্ডের ২৫-০৬-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬৩৬তম সভার সিদ্ধান্তক্রমে কর্পোরেশনের সহকারী ম্যানেজার (সেলস)-এর শূন্য পদে জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-১৯৯২ অনুসরণে নিম্নোক্ত ২(দুই) জন ডেভেলপমেন্ট ম্যানেজার ১-কে নিম্নে বর্ণিত শর্তে সহকারী ম্যানেজার-সেলস পদে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাঃ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে) পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করতঃ স্ব-স্ব নামের পার্শ্বে বর্ণিত দফতর/পদে পদায়ন করা হলো:


ক্রমিক	নাম, পদবী, কোড	বর্তমান কর্মস্থল	পদায়নকৃত দপ্তর/পদ	অতিরিক্ত দায়িত্ব
১	জনাব মোঃ হাবিবুর রহমান ডিএম-১(৪১৩০/৯৬৭/৭৪)	শাখা অফিস-৯৬৭/৭৪ খুলনা	সহকারী ম্যানেজার-সেলস সেলস অফিস-৭৪, খুলনা	শাখা ম্যানেজার শাখা অফিস-৯৬৭/৭৪, খুলনা
২	জনাব মোঃ শফিকুল ইসলাম ডিএম-১(২৬৫৬/১৩৫/৩০)	শাখা অফিস- ১৩৫/৩০ টাঙ্গাইল	সহকারী ম্যানেজার-সেলস ময়মনসিংহ রিজিওনাল অফিস ময়মনসিংহ	-

#### ২.০ শর্তসমূহ:

- ২.১ পদোন্নতির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Police Verification) আগামী ৬(ছয়) মাসের মধ্যে সম্পাদন করতে হবে। পুলিশ প্রতিবেদন (Police Verification) পাওয়ার পর সহকারী ম্যানেজার-সেলস পদে চাকুরি স্থায়ীকরণ করা হবে।
- ২.২ পদায়নকৃত দপ্তরে কাজে যোগদানের সময় সিভিল সার্জন/জীবন বীমা কর্পোরেশনের মনোনীত ডাক্তার কর্তৃক শারীরিক সামর্থ্যের সন্তোষজনক সনদপত্র দাখিল করতে হবে।
- ২.৩ জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি যোগদানের ৭(সাত) দিনের মধ্যে প্রধান কার্যালয়ের প্রশাসন বিভাগে জমা দিতে হবে।
- ২.৪ জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ১৯৯২ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত পদে কর্মকর্তাগণ ন্যূনতম ৬ (ছয়) মাস শিক্ষানবিস হিসেবে থাকবেন এবং কারণ লিপিবদ্ধ করে শিক্ষানবিস মেয়াদ আরো ৬(ছয়) মাস বৃদ্ধি করা যেতে পারে। কর্পোরেশন হতে লিখিতভাবে জানানোর পরই নিয়োগ স্থায়ীকরণ কার্যকর হবে। নিয়োগপ্রাপ্ত পদে চাকুরি স্থায়ীকরণ হবে না, যদি না-
  - (ক) সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করে থাকেন;
  - (খ) কর্পোরেশন কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন, এবং
  - (গ) এতদুদ্দেশ্যে নির্ধারিত প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকেন।

পাতা-০২

- ২.৫ পদায়নকৃত দফতরে যোগদান সাপেক্ষ ১নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমান-এর নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর কার্যকর হবে। ২নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম-এর নিয়োগ পদায়নকৃত দফতরে যোগদান সাপেক্ষ আগামী ২৮-১২-২০২৫খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।
- ২.৬ যদি কোন কর্মকর্তা আগামী ৭(সাত)দিনের মধ্যে পদায়নকৃত দফতরে যোগদান না করেন, তবে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ২.৭ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের পারস্পরিক জ্যেষ্ঠতা জীবন বীমা কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ১৯৯২-এর প্রবিধান-১২ অনুযায়ী নির্ধারিত হবে।
- ৩.০ এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ লিয়াকত আলী খান)  
জেনারেল ম্যানেজার-প্রশাসন  
ফোন: ০২-২২৩৩৮০৩৮১

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। জেনারেল ম্যানেজার (সকল): , জীবন বীমা কর্পোরেশন
- ২। রিজিওনাল ইনচার্জ (সকল): রিজিওনাল অফিস, জীবন বীমা কর্পোরেশন
- ৩। ডেপুটি জেনারেল ম্যানেজার-ইডিপি, আইসিটিডি, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। ডেপুটি জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত), অভ্যন্তরীণ অডিট ও পরিদর্শন বিভাগ, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৫। বোর্ড সেক্রেটারী, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ৬। ইনচার্জ, কর্পোরেট সেবা দপ্তর (সকল)- , জীবন বীমা কর্পোরেশন
- ৭। পি.এস টু ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮। সেলস ম্যানেজার, সেলস অফিস-----
- ৯। সংশ্লিষ্ট কর্মকর্তা:
- ১০। শাখা ম্যানেজার, শাখা অফিস-----
- ১১। সংশ্লিষ্ট নথি
- ১২। মহা নথি